The Bangladesh Times

তারিখ 05 JUN 1989
পৃষ্ঠা 6 কলাম

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা।

# এম ফিল ও পি এইচ ডি কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

১৯৮৯-৯০ শিক্ষাবর্ষে (জুলাই '৮৯ টার্মে) এম ফিল ও পি এইচ ডি কোর্সে নিম্নবর্ণিত বিভাগসমূহে ভর্তির দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ভূগোল, অর্থনীতি, পদার্থ বিজ্ঞান, ইতিহাস, পরিসংখ্যান, ইংরেজী, রসায়ন, সরকার ও রাজনীতি, বাংলা, প্রাণিবিজ্ঞান ইনস্টিটিউট (উদ্ভিদ বিদ্যা, প্রাণিবিদ্যা, ফার্মেসী শাখা)।

১। এম ফিল কোর্সে ভর্তির জন্য যোগ্যতা ও অন্যান্য শর্তাবলী :

(১) (ক) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় যেকোন/একটিতে প্রথম বিভাগ ও অপরটিতে ন্যূনপক্ষে দ্বিতীয় বিভাগ।

(খ) স্নাতক (সম্মান/পাস) এবং স্নাতকোত্তর পরীক্ষায় যেকোন একটিতে ন্যূনপক্ষে গড়ে শতকরা ৫৫ নম্বর ও অপরটিতে গড়ে শতকরা ৫০ নম্বর থাকতে হবে।

(২) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক উভয় পরীক্ষায় দ্বিতীয় বিভাগ থাকলে স্নাতক (সম্মান/পাস) এবং স্নাতকোত্তর পরীক্ষায় যেকোন একটিতে প্রথম শ্রেণী/বিভাগ ও অপরটিতে গড়ে ন্যূনপক্ষে শতকরা ৫৫ নম্বর থাকতে হবে।

(৩) কোন অনুমোদিত কলেজ কিংবা গবেষণামূলক প্রতিষ্ঠানে ২ বছর চাকরির অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিদের ক্ষেত্রে সকল পর্যায়ের পরীক্ষায় অন্যূন ৪৫% নম্বরসহ ২য় শ্রেণী/বিভাগ থাকতে হবে।

২। পিএইচডি কোর্সে ভর্তির জন্য যোগ্যতা ও অন্যান্য শর্তাবলী :

বিশ্ববিদ্যালয়ের শিক্ষক অথবা কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকতা এবং/অথবা গবেষণা কর্মে নিয়োজিত কমপক্ষে ৩ (তিন) বছরের অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিও এই কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারবেন।

ভর্তি হতে ইচ্ছুক চাকরিরত প্রার্থিগণ শিক্ষা ছুটিসহ সার্বক্ষণিক অথবা বহিরাগত (খণ্ডকালীন) প্রার্থী হিসাবে ভর্তির সুযোগ পেতে পারেন। এম ফিল কোর্সে নিয়মিত/সার্বক্ষণিক গবেষণারত ছাত্র/ছাত্রীগণের জন্য প্রতি বিভাগে ১টি করে প্রচলিত হারে বৃত্তির ব্যবস্থা রয়েছে।

উপরে (১) ও (২) এ বর্ণিত যোগ্যতাসম্পন্ন প্রার্থিগণ সংশ্লিষ্ট বিভাগে প্রাপ্তব্য নির্ধারিত ভর্তি ফরমে আগামী ২৫ ৬ ৮৯ ইং তারিখের মধ্যে বিভাগীয় সভাপতির কাছে ভর্তির জন্য আবেদন করতে পারেন। আবেদনপত্রের সঙ্গে সকল পর্যায়ের পরীক্ষার প্রত্যায়িত মার্কশীট ও সনদপত্রের অনুলিপি ও ১ কপি পাসপোর্ট আকারের ছবি অবশ্য জমা দিতে হবে। ভর্তি সংক্রান্ত অন্যান্য নিয়মাবলী সংশ্লিষ্ট বিভাগ কিংবা নিম্নস্বাক্ষরকারীর অফিস হতে ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে জানা যেতে পারে।

সি—৩৬৪০ উপ রেজিস্ট্রার (শিক্ষা)।